ঝিনাইদহে ধর্ষণের অভিযোগে ৩ জনের বিরুদ্ধে মামলা

সংঘবদ্ধ ধর্ষণের শিকার হয়েছেন ঝিনাইদহের নগর বাথান (পুটেপাড়া) গ্রামের এক তরুণী। ঘটনাটি ঘটেছে গত বৃহস্পতিবার (২১ নভেম্বর) সন্ধ্যায় কোটচাঁদপুর উপজেলার শিকারকুন্ডু গ্রামের তাজুলের মেহগনি বাগানে।

এ বিষয়ে ঝিনাইদহ বিজ্ঞ নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইবুনালে মামলা দায়ের করেছেন ভিকটিম। গতকাল সোমবার (২৫ নভেম্বর) নারী ও শিশু নির্যাতন দমন আইন ২০০০ এর সংশোধনী ২০০৩ এর ৯ (১) ৭/৩০ ধারা এবং পর্ণোগ্রাফী আইনের ৮(১)৮(৩) ধারায় এ মামলাটি দায়ের করা হয়।

মামলায় আসামী করা হয়েছে কোটচাঁদপুর উপজেলার শিকারকুন্ডু গ্রামের খোরশেদ মিয়ার ছেলে শাহাদত হোসেন (৩০), কাউছার আলীর ছেলে লাভলু রহমান (৩২) এবং শফি উদ্দীন ওরফে শফিকুলের ছেলে উজ্জল হোসেন (৩০) কে।

মামলার এজাহারে বলা হয়েছে ভিকটিম গত বৃহস্পতিবার (২১ নভেম্বর) সন্ধ্যার দিকে কোটচাদপুর উপজেলার শিশারকুন্ডু গ্রামে তার খালার বাড়িতে বেড়াতে যায়। এ সময় ভিকটিম গ্রামের পাকা রাস্তার ধারে তাজুলের মেহগনি বাগানের কাছে পৌছলে সন্ধ্যা কালিন পরিবেশে ধর্ষক শাহাদত, লাভলু ও উজ্জল ভিকটিম কে উঠিয়ে নিয়ে মেহগনি বাগানে যায় এবং একের পর এক ধর্ষণ করে। এ সময় ভিকটিমের আর্তচিৎকারে আগে থেকে খুজতে থাকা খালা-খালু ও পথচারীরা তাকে উদ্ধার করে। পরবর্তিতে ভিকটিম কোটচাঁদপুর থানায় মামলা দিতে যায়। তবে থানা পুলিশ মামলা নিতে অস্বীকৃতি জানায়। ভিকটিম কোন প্রতিকার না পেয়ে গতকাল সোমবার (২৫ নভেম্বর) ঝিনাইদহ নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইবুনালে মামলা দায়ের করেন।

আদালত মামলাটি তদন্তের জন্য পুলিশ ব্যুরো অব ইনভেষ্টিগেন (পিবিআই) কে তদন্তের জন্য নির্দেশ প্রদান করেন। ভিকটিম জানান চিহ্নিত ধর্ষকরা তাকে মামলা তুলে নিতে ভয়ভীতি দেখানোসহ জীবন নাশের হুমকী দিচ্ছে। তিনি বলেন আমি এখন নিরাপত্তাহীনতায় ভুগছি। আমার খালাসহ অন্যান্য স্বাক্ষীদের গুম খুনের হুমকী দিয়ে যাচ্ছে এমনকি গ্রাম থেকে পরিবারসহ তাদেরকে বিতাড়িত করার ষঢ়যন্ত্র করে

যাচ্ছে।

এ বিষয়ে জানতে উজ্জল, শাহাদত এবং লাভলু কে তাদের ফোনে একাধীকবার যোগাযোগ করা হলেও তাদের ফোন বন্ধ পাওয়া যায়।

দর্শনায় মানসিক প্রতিবন্ধী শিশুকে ধর্ষণের অভিযোগে ব্যবসায়ী গ্রেফতার

দামুড়হুদা উপজেলা পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের মদনা গ্রামের মানসিক প্রতিবন্ধী এক শিশুকে ধর্ষণের অভিযোগ উঠেছে। এ ঘটনায় আহম্মদ আলী
(৫৬) নামের এক ব্যবসায়ীকে গ্রেফতার করেছে পুলিশ। গ্রেফতারকৃত বিরুদ্ধে ধর্ষণ মামলাসহ আদালতে সোপর্দ করেছে পুলিশ।

গতকাল শুক্রবার বেলা ১২টার দিকে ওই গ্রামের একটি ঝালখেতে ধর্ষণের ঘটনা ঘটে।গ্রেফতারকৃত আহম্মদ আলী(৫৬) পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের মদনা ইউনিয়নের মদনা দক্ষিণপাড়ার মৃত জুড়ান মন্ডলের ছেলে।

পুলিশ জানায়, দর্শনার পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের মদনা গ্রামের দক্ষিণপাড়ার এক শিশুকন্যা (১২) বাড়ির পাশে মাঠে যায়। এসময় ওই গ্রামের আহম্মদ আলী শিশুটিকে মাঠে একা পেয়ে একটি ঝাল খেতের মধ্যে নিয়ে ধর্ষণ করে। ঘটনাটি সন্ধায় জানাজানি হলে শিশুর পিতা বাদী হয়ে ঐদিন রাতেই আহম্মেদ আলী(৫৬) বিরুদ্ধে দর্শনা থানায় একটি মামলা দায়ের করে। অভিযোগের ভিত্তিতে রাতেই আহম্মদ আলীকে গ্রেপ্তার করেছেন।

স্থানীয় সূত্রে জানা যায়, গতকাল বেলা ১২টার দিকে গ্রামের নস্কর দোহা বিলে পদ্মফুল (ঢেঁপ) তুলতে যায় মানসিক প্রতিবন্ধী এক শিশু। এসময় গ্রামের সার-কীটনাশক ও ডিজেল ব্যবসায়ী আহম্মদ আলী শিশুটিকে মাঠে একা পেয়ে ঝাল খেতের মধ্যে নিয়ে তাকে ধর্ষণ করে। এমন অভিযোগের ভিত্তিতে সন্ধ্যার পর গ্রামে বিচার-সালিশের আয়োজন করা হয়। বিচার-সালিশে আহম্মদ আলী প্রভাব খাটিয়ে বিচারের রায়কে অমান্য

করলে শুরু হয় হট্টগোল। এক পর্যায় হাতাহাতি শুরু হলে বিচারের রায় ভেস্তে যায়। পরে খবর পেয়ে দর্শনা থানা পুলিশ ঘটনাস্থলে উপস্থিত হয়ে আহম্মদ আলীকে গ্রেফতার করে।

বিষয়টি নিশ্চিত করেছেন দর্শনা থানার অফিসার ইনচার্জ (ওসি) শহীদ তিতুমীর বলেন, আসামিকে আদালতে মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে ও ভুক্তভোগী শিশুকে ডাক্তারি পরীক্ষার জন্য চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নেওয়া হয়েছে ।

হরিণাকুন্ডুতে স্কুলছাত্রীকে ধ*র্ষ*ণের অভিযোগ

ঝিনাইদহের হরিণাকুন্ডুতে ৯ বছর বয়সী এক স্কুলছাত্রীকে ধর্ষণের অভিযোগ উঠেছে তার প্রতিবেশীর বিরুদ্ধে। গতকাল বুধবার রাতে শিশু শিশুটিকে ঝিনাইদহ সদর হাসপাতালে ভর্তি করা হয়।

স্বজনরা জানায়, হরিণাকুন্ডু উপজেলার রূপদাহ গ্রামের ২য় শ্রেণীতে পড়ুয়া স্কুলছাত্রী বুধবার স্কুল থেকে বাড়ি ফিরছিলো। ফেরার পথে শিশুটিকে ফুসলিয়ে মাঠের মধ্যে নিয়ে যায় একই গ্রামের প্রতিবেশী রমজান। সেখানে শিশুটিকে ধর্ষণ করে। পরে মাঠ থেকে সবজি তুলে দিয়ে বাড়িতে পাঠিয়ে দেয়। নির্যাতনের বিষয়টি শিশুটি রাতে পরিবারের কাছে জানালে রাতেই তাকে ঝিনাইদহ সদর হাসপাতালে ভর্তি করা হয়।

নির্যাতিতার পিতা বলেন, অভিযুক্ত রমজান এর আগেও এলাকায় একই ধরনের অপরাধ করেছে। তিনি খুবই খারাপ প্রকৃতির লোক। আমরা চাই তাকে দ্রুত গ্রেফতার করা হোক। আমরা তার কঠোর শাস্তির দাবি জানাচ্ছি।

হরিণাকুন্ডু থানার ওসি জিয়াউর রহমান বলেন, ৯ বছর বয়সী এক শিশু ধর্ষনের শিকার হয়েছে এমন খবর পেয়েছি। তবে পরিবারের পক্ষ থেকে কোন অভিযোগ আসে নি। লিখিত অভিযোগ পেলে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।

মেহেরপুরে আপত্তিকর ভিডিও ধারণ করে ব্ল্যাকমেইল ও ধর্ষণের অভিযোগে মামলা

মেয়ের আপত্তিকর ভিডিও ধারণ করে মেয়ের মাকে ব্ল্যাকমেইল ও ধর্ষণের অভিযোগ এনে নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল মেহেরপুরে পিটিশন মামলা দায়ের করেছেন মেহেরপুর সদর উপজেলার চাঁদবিল গ্রামের এক নারী।

গত সোমবার ২০ নভেম্বর নার্গিস খাতুন মেহেরপুরের নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালে উপস্থিত হয়ে তার আইনজীবীর মাধ্যমে পিটিশন মামলার জন্য নালিশী দরখাস্ত দাখিল করেন। আদালত দরখাস্তটি আমলে নিয়ে পিবিআই’কে তদন্তের নির্দেশ দেন।

মামলার এজহার থেকে জান গেছে, চাঁদবিল গ্রামের মৃত জামশেদ আলীর ছেলে মোঃ মতু (৩৮) মামলার বাদীর ভাসুরের ছেলে এবং প্রতিবেশী। বাদীর স্বামীর অনুপস্থিতিতে মোঃ মতু প্রায়ই তাকে কুপ্রস্তাব দিত। পরবর্তীতে এক সময় সে বাদীর কন্যার গোসলের ভিডিও ধারণ করে বাদীর কন্যার স্বামীকে দেখিয়ে দেওয়ার কথা বলে। ভয় দেখিয়ে দীর্ঘদিন যাবত বাদীর সাথে অনৈতিক সম্পর্ক স্থাপনের জন্য ব্ল্যাকমেইল করে আসছিলো। একপর্যায়ে আসামী মোঃ মতু বাদীকে ধর্ষন করে ভিডিও ধারন করে এবং ঐ ভিডিও ইন্টারনেটের মাধ্যমে ছড়িয়ে দেওয়ার ভয় দেখিয়ে ব্ল্যাকমেইল করতে থাকে। ঘটনাটি নিয়ে থানায় মামলা করতে গেলে থানা থেকে আদালতে মামলা করার পরামর্শ দেওয়া হয়। এজহারে বাদী আরো উল্লেখ করেছেন ঘটনাটি বাদীর স্বামীকে জানানোর পর তার স্বামী তাকে ছেড়ে চলে যায়।

বাদীর আইনজীবী এডভোকেট রোকেয়া খাতুন আদালতে মামলার বিষয়টি নিশ্চিত করে বলেন, ‘নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল মেহেরপুর আদালতের বিচারক মামলাটি গ্রহণ করে পিবিআইকে তদন্তের নির্দেশ দিয়েছেন। ‘